গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়**
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০ ।
www.cga.gov.bd

নং- ০৭.০৩.০০০০.০০১.৩৭.১৭০.২২. ২০৪৮ তারিখ: 22 /১২/২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বহি:বাংলাদেশ ছুটি মঞ্জুরী সংক্রান্ত বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়ের ২৯/০৭/২০১৯ খ্রি. তারিখের স্মারক নং-সিএজি/জিবি-২/সার্কুলার/২০১৮/৩৫১ এবং ০৬/০২/২০২০ খ্রি. তারিখের স্মারক নং-সিএজি/জিবি-২/সার্কুলার/২০১৮/৫৫৩ এর সার্কুলার/পরিপত্র দুটি নিম্নবর্ণিত কার্যালয়সমূহে আদিষ্ট হয়ে পৃষ্ঠাঙ্কন করা হলো ।

১। সিজিএ মূল কার্যালয়ের কর্মকর্তা (সকল)।
২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
৩। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।
৪। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল) ।
৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল) ।
৬। পিএস টু সিজিএ ।
৭। অফিস কপি ।

22/12/22
(মানিক হোসেন)
উপহিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন-১)
ফোন: ০২-২২২২২০৫৪৯ ।

E:\Ajuba\Endorsement\New Microsoft Office Word Document.docx 2.docx 313

৮/১২ ৫৪

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়
''অডিট ভবন''
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০
www.cag.org.bd

নম্বরঃ সিএজি/জিবি-২/সার্কুলার/২০১৮/৫৫৩ তারিখঃ ০৬/০২/২০২০ খ্রি.

## পরিপত্র

সাম্প্রতিককালে লক্ষ্য করা যাচ্ছে যে, অডিট এন্ড একাউন্টস্ ডিপার্টমেন্টে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে বহিঃ বাংলাদেশ ছুটি গ্রহণের প্রবণতা ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। কর্মকর্তা/কর্মচারীদের এরূপ ঘন ঘন ও দীর্ঘমেয়াদি ছুটি গ্রহণের ফলে সংশ্লিষ্ট দপ্তরের স্বাভাবিক কার্যক্রমসহ জরুরি গুরুত্বপূর্ণ বিষয়ে নথিপত্র নিষ্পত্তি ও সিদ্ধান্ত গ্রহণ কার্যক্রম বাধাগ্রস্ত হয়। দেখা গিয়েছে কোন কোন ক্ষেত্রে কোন এক পঞ্জিকাবর্ষে বা অর্থবছরে দুই/তিন বার বহিঃ বাংলাদেশ ছুটির আবেদনও প্রেরিত হয় নিছক ছোটখাটো ব্যক্তিগত কারণ উল্লেখপূর্বক যা কোনভাবে সুকর্মকর্তাসুলভ আচরণের সাথে সঙ্গতিপূর্ণ নয়। আরো পরিলক্ষিত হয়েছে যে, জনস্বার্থ ও দাপ্তরিক কাজের গুরুত্ব যথাযথভাবে বিবেচনায় না নিয়ে ৯ম গ্রেড হতে তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তাগণের এতদ্সংক্রান্ত আবেদনসমূহ প্রয়োজনীয় যাচাই-বাছাই ব্যতীত স্ব-স্ব কার্যালয় হতে সুপারিশসহ সিএজি কার্যালয়ে প্রেরণ করা হচ্ছে, যা প্রত্যাশিত নয়।

২। এমতাবস্থায়, এই পরিপত্র জারি হওয়ার পর হতে কর্মকর্তা/কর্মচারী কর্তৃক আবেদনকৃত ছুটির প্রকৃত প্রয়োজন ও উদ্দেশ্যের প্রতি লক্ষ্য রেখে এতদ্সংক্রান্ত আবেদনসমূহ বাংলাদেশ সার্ভিস রুলস্ (পার্ট-১)-এর বিধি-১৫১ ও এতদ্সংশ্লিষ্ট অন্যান্য ধারাসহ মন্ত্রিপরিষদ বিভাগের ২১ জুলাই, ২০০৯ খ্রি. তারিখের পত্র নং- ১(৬৮)/২০০৮-মপবি (সাঃ অঃ)/৩৩৩ (কপি সংযুক্ত); প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন, ২০১১ খ্রি. তারিখের সার্কুলার নং- ০৩.০৬৯.০২৫.০৬.০০. ০০০৩.২০১১-১৪৪(৫০০) (কপি সংযুক্ত); নির্ধারিত ছুটি বিধিমালা-১৯৫৯ এবং সর্বশেষ জারিকৃত সরকারের অন্যান্য নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় যাচাই-বাছাই-এর মাধ্যমে ছুটির আবেদন নির্ধারিত সময়ের পূর্বে এই কার্যালয়ে প্রেরণসহ প্রকৃত প্রয়োজন ব্যতীত ছুটির আবেদন নিরুৎসাহিত করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা যাচ্ছে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
( মোসাঃ মাকসুদা বেগম )
অতিরিক্ত উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)
ফোনঃ ৯৩৩১১৭১

নম্বরঃ সিএজি/জিবি-২/সার্কুলার/২০১৮/৫৫৩ (১০০) তারিখঃ ০৬/০২/২০২০ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা (আওতাধীন কার্যালয়সমূহকে অবহিতকরণের অনুরোধসহ)
২. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স-এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (আওতাধীন কার্যালয়সমূহকে অবহিতকরণের অনুরোধসহ)
৩. উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিনিয়র), সিএজি কার্যালয়, ঢাকা।
৪. অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), অতিরিক্ত মহাপরিচালক (অর্থ)-এর কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৫. মহাপরিচালক, ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা), এ/৭, লালাসরাই, মিরপুর-১৪, ঢাকা।
৬. সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি), সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার (আর্মি)-এর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা (আওতাধীন কার্যালয়সমূহকে অবহিতকরণের অনুরোধসহ)
৭. উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (এএন্ডআর), সিএজি কার্যালয়, ঢাকা।
৮. উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পদ্ধতি), সিএজি কার্যালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট/পরিবহন অডিট/শিল্প, বাণিজ্য ও আর্থিক প্রতিষ্ঠান অডিট/ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ অডিট/গৃহায়ণ ও ভৌত অবকাঠামো অডিট/পার্বত্য চট্টগ্রাম, পল্লী উন্নয়ন ও স্থানীয় প্রতিষ্ঠান অডিট/বিজ্ঞান, তথ্য এবং প্রযুক্তি অডিট/বিদ্যুৎ, জ্বালানী ও প্রাকৃতিক সম্পদ অডিট/পররাষ্ট্র ও প্রবাসী কল্যাণ অডিট/প্রতিরক্ষা অডিট/রাজস্ব অডিট/শিক্ষা, সংস্কৃতি ও ধর্ম বিষয়ক অডিট/ আর্থিক ও উপযোজন হিসাব অডিট/আইটি অডিট/জনপ্রশাসন ও সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট/কৃষি এবং পরিবেশ অডিট/সামাজিক নিরাপত্তা ও কল্যাণ অডিট অধিদপ্তর, ঢাকা।
১০. সিনিয়র ফাইন্যান্স কন্ট্রোলার- নৌবাহিনী/বিমানবাহিনী/পূর্ত/প্রতিরক্ষা ক্রয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
১১. এডিশনাল চিফ কন্ট্রোলার অব ডিফেন্স ফাইন্যান্স (বিওএফ), গাজীপুর সেনানিবাস, গাজীপুর।
১২. অতিরিক্ত উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক- প্রশাসন/পার্সোনেল/পদ্ধতি/সংসদ/পরিচালক (আরএন্ডডি/ একিউএসি), সিএজি কার্যালয়, ঢাকা।
১৩. পরিচালক (এমআইএস), সিএজি কার্যালয়, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, সিএজি, পিএসসি ও নির্বাচন কমিশন/অর্থ বিভাগ ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস্- ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর ডিভিশন (আওতাধীন কার্যালয়সমূহকে অবহিতকরণের অনুরোধসহ)
১৬. কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব, সিএজি কার্যালয়, ঢাকা।
১৭. অডিট এন্ড একাউন্টস্ অফিসার, প্রশাসন/জিবি-১/জিবি-৩/বাসা বরাদ্দ/শৃঙ্খলা ও আপীল/এইচআর সেল/ এসিআর শাখা, সিএজি কার্যালয়, ঢাকা।
১৮. সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব ..................................................................।
১৯. অফিস কপি/গার্ড ফাইল।

০৬/০২/২০২০
( মোঃ আমিরুল ইসলাম প্রামাণিক )

বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলের কার্যালয়
"অডিট ভবন"
৭৭/৭, কাকরাইল, ঢাকা-১০০০
www.cag.org.bd

নম্বর: সিএজি/জিবি-২/সার্কুলার/২০১৮/৩৫১ তারিখ: ২৯/০৭/২০১৯ খ্রি.

## সার্কুলার

প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন, ২০১১ তারিখের ১৪৪ (৫০০) নম্বর পরিপত্রের অনুচ্ছেদ-৬(ক) এ প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিএজি) মহোদয় তাঁর নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্টদের বহিঃ বাংলাদেশ ছুটি/বিদেশ ভ্রমণে অনুমোদন প্রদান করেন। লক্ষ্য করা যাচ্ছে যে, সিএজি মহোদয়ের বিবেচনার জন্য প্রেরিত ছুটির আবেদনপত্র অনেক ক্ষেত্রে প্রার্থিত ছুটিভোগের তারিখের নিকটবর্তী সময়ে অথবা পরে প্রেরিত হচ্ছে। এছাড়া বহিঃ বাংলাদেশ ছুটির আবেদন এবং আবেদনের সাথে সংযোজিত ফরমসমূহ পূরণের ক্ষেত্রে নানা তথ্য ঘাটতিও পরিলক্ষিত হচ্ছে। যার ফলে সিএজি মহোদয়ের বিবেচনার জন্য এ সংক্রান্ত নথি উপস্থাপনে জটিলতা সৃষ্টি হয়। এমতাবস্থায়, বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুরি সংক্রান্ত প্রস্তাব প্রেরণকালে সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত বিষয়ে অধিকতর যত্নবান হওয়ার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানানো হলোঃ

(১) আবেদনে উল্লেখিত তারিখ হতে ছুটি ভোগ/শুরুর কমপক্ষে ১০ (দশ) কর্মদিবস আগে এই কার্যালয়ে প্রস্তাব প্রেরণ নিশ্চিত করতে হবে। বিলম্বে প্রাপ্ত অথবা অসম্পূর্ণ আবেদনের উপর কোন কার্যক্রম গ্রহণ করা হবে না;
(২) বহিঃ বাংলাদেশ ছুটির কারণসমূহ ১৪৪ (৫০০) নম্বর পরিপত্রে উল্লিখিত কারণসমূহের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে;
(৩) প্রার্থিত ছুটির মেয়াদকাল/দিনসংখ্যা সঠিকভাবে উল্লেখ করতে হবে;
(৪) ছুটির আবেদনে ভ্রমণ ব্যয়ের উৎস সম্পর্কে যথাযথভাবে উল্লেখ করতে হবে;
(৫) পরিবারের কোন সদস্য সফরসঙ্গী হলে তাঁর/তাঁদের নাম, বয়স, পেশা ও সম্পর্ক যথাযথভাবে উল্লেখ করতে হবে;
(৬) সফরসঙ্গী/সফরসঙ্গীদের কেউ সরকারি অথবা বেসরকারি চাকুরীজীবী হলে সেক্ষেত্রে স্ব-স্ব কর্তৃপক্ষের কাছ থেকে ছুটি মঞ্জুরি বিষয়ে আলাদাভাবে অনুমোদন গ্রহণ করতে হবে;
(৭) বহির্গমনের ক্ষেত্রে কোন রুট/পথ ব্যবহার করা হবে তা আবেদনপত্রে উল্লেখ করতে হবে;
(৮) ছুটির নির্ধারিত আবেদন ফরমে বিভাগীয়/অফিস প্রধানের সুপারিশ ও সীল থাকতে হবে; এবং
(৯) আবেদনের সাথে (প্রযোজ্য ক্ষেত্রে) স্ত্রী ও সন্তানের নামের বানান বাংলা ও ইংরেজিতে পাসপোর্টের অনুরূপ শুদ্ধভাবে লিখতে হবে এবং পাসপোর্টের মূল পৃষ্ঠাটির ফটোকপি সংযোজন করতে হবে।

২৯/৭/১৯
সাঈদ মোহাম্মদ আসাদুজ্জামান
অতিরিক্ত উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন)
ফোনঃ ৯৩৩১১৭১

**বিতরণঃ**

১। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
২। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্সের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩। উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিনিয়র), সিএজি কার্যালয়, ঢাকা।
৪। মহাপরিচালক, ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী (ফিমা), এ/৭, লালাসরাই, মিরপুর-১৪, ঢাকা।
৫। উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক- এএএন্ডআর/পদ্ধতি, সিএজি কার্যালয়, ঢাকা।
৬। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট/প্রতিরক্ষা অডিট/বাণিজ্যিক অডিট/রেলওয়ে অডিট/পূর্ত অডিট/ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অডিট/সিভিল অডিট/বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট/দূতাবাস অডিট/পারফরমেন্স অডিট অধিদপ্তর, ঢাকা।
৭। অতিরিক্ত উপ-মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক- প্রশাসন/পার্সোনেল/পদ্ধতি/একিউএসি/সংসদ, সিএজি কার্যালয়, ঢাকা।
৮। পরিচালক (এমআইএস), সিএজি কার্যালয়, ঢাকা (সার্কুলারটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল মহোদয়ের একান্ত সচিব, সিএজি কার্যালয়, ঢাকা।
১০। অডিট এন্ড একাউন্টস্ অফিসার- প্রশাসন/জিবি-১/জিবি-৩/রিঅর্গান/এইচআর সেল (স্থানীয়)।
১১। অফিস কপি/গার্ড ফাইল।

২৯/৭/১৯
( মোঃ আমিরুল ইসলাম প্রামাণিক )
অডিট এন্ড একাউন্টস্ অফিসার
জিবি-২ শাখা